গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬২/২০১৮-২০১৯

ঢাকা, রোববার ১৭ ফেব্রুয়ারি ২০১৯, ০৫ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রোহিঙ্গাদের ওপর নৃশংসতায় আইসিসি'র তদন্তের সিদ্ধান্তকে স্বাগত জানালেন প্রধানমন্ত্রী
২। জার্মানির মিউনিখ থেকে প্রধানমন্ত্রীর আবুধাবির উদ্দেশে যাত্রা
৩। পায়রা বিদ্যুৎকেন্দ্রের জন্য ৩৬শ' মেগাওয়াট এলএনজি বিদ্যুৎপ্লান্টের নির্মাণ চুক্তি
৪। দক্ষিণ এশিয়ায় পরমাণু অস্ত্রমুক্ত করতে অগ্রণী ভূমিকা রাখবে বাংলাদেশ : আইসিএএন'র নির্বাহী পরিচালক বিয়াত্রিস ফিন
৫। 'ফাগুন হাওয়ায়' নতুন প্রজন্মকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় শানিত করবে : রাষ্ট্রপতি
৬। মাদকের সঙ্গে জড়িত কাউকেই রেহাই দেওয়া হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। লক্ষ্য অর্জনে দরকার টেকসই গণতন্ত্র : পরিকল্পনামন্ত্রী
৮। যদি কেউ দায়িত্ব পালন না করে তাহলে ছাড় নয় : স্বাস্থ্যমন্ত্রী
৯। ৩৫ লাখ টন আলু রফতানির ব্যবস্থা করা হবে : বাণিজ্যমন্ত্রী
১০। প্রধানমন্ত্রী চট্টগ্রামকে আলাদাভাবে গুরুত্ব দিচ্ছেন : গণপূর্তমন্ত্রী
১১। এক কোটি নারীর ক্ষমতায়নে কাজ করবে তথ্য আপা প্রকল্প : মহিলা ও শিশুবিষয়ক সচিব
১২। রোহিঙ্গাদের সহায়তায় ৬ কোটি মার্কিন ডলার দেবে যুক্তরাষ্ট্র
১৩। এমপি হিসেবে শপথ নিলেন কিশোরগঞ্জ-১ এর প্রার্থী সৈয়দা জাকিয়া নূর
১৪। সংসদে নারী আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ৪৯ জন
১৫। ভারতের জম্মু ও কাশ্মীরে জঙ্গি হামলায় বাংলাদেশের তীব্র নিন্দা
১৬। বেসরকারি হজ প্যাকেজে খরচ ৩ লাখ ৪৫ হাজার টাকা
১৭। নাসা স্পেস অ্যাপস প্রতিযোগিতায় শাবিপ্রবি'র কৃতিত্ব

চলমান পাতা-২

**১। রোহিঙ্গাদের ওপর নৃশংসতায় আইসিসি'র তদন্তের সিদ্ধান্তকে স্বাগত জানালেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের ওপর মিয়ানমার সেনাবাহিনীর নৃশংসতার প্রাথমিক তদন্তের জন্য একটি টিম পাঠাতে আন্তর্জাতিক ফৌজদারি আদালতের (আইসিসি) সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। গত **১৫** ফেব্রুয়ারি শুক্রবার জার্মানির মিউনিখে আইসিসি'র প্রধান কৌঁসুলি ফাতু বেনসুদার সঙ্গে মিউনিখ নিরাপত্তা সম্মেলনের সাইডলাইনে প্রধানমন্ত্রীর বৈঠকের পর পররাষ্ট্র সচিব শহীদুল হক এ কথা জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী আগামী মার্চের শুরুতে বাংলাদেশ সফরে আসতে চাওয়া আইসিসি টিমকে নীতিগতভাবে স্বাগত জানিয়েছেন এবং এক্ষেত্রে তাদের সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন। প্রধানমন্ত্রী ও আইসিসি'র প্রধান কৌঁসুলি **১৯৭১** সালে বাংলাদেশে পাকিস্তানি সেনাবাহিনীর গণহত্যা এবং মিয়ানমারের রোহিঙ্গা নাগরিকদের ওপর নৃশংসতার বিচারের বিষয়ে আলোচনা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা **১৯৭১** সালে বাংলাদেশে গণহত্যা চালানো পাকিস্তানি সেনাবাহিনীর সদস্যদের বিচারের সম্মুখীন করার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে,** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

**২। জার্মানির মিউনিখ থেকে প্রধানমন্ত্রীর আবুধাবির উদ্দেশে যাত্রা**

জার্মানির মিউনিখে নিরাপত্তা সম্মেলনে অংশগ্রহণের পর সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবি রওনা হন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্থানীয় সময় শনিবার রাতে মিউনিখ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ইতিহাদ এয়ারওয়েজের একটি ফ্লাইটে সফরসঙ্গীদের নিয়ে আবুধাবির উদ্দেশে রওনা হন তিনি। স্থানীয় সময় রোববার সকালে আবুধাবিতে পৌঁছার কথা প্রধানমন্ত্রীর। **১৭** থেকে **১৯** ফেব্রুয়ারি আবুধাবি সফর করবেন তিনি। সফরের প্রথম দিন সংযুক্ত আরব আমিরাতে চতুর্দশ আন্তর্জাতিক প্রতিরক্ষা প্রদর্শনীতে (আইডিইএক্স-২০১৯) অংশ নেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিন দিনের এ সফরে দেশটির শীর্ষ নেতৃবৃন্দের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৩। পায়রা বিদ্যুৎকেন্দ্রের জন্য ৩৬শ' মেগাওয়াট এলএনজি বিদ্যুৎপ্লান্টের নির্মাণ চুক্তি**

পায়রা বিদ্যুৎকেন্দ্রে ৩৬শ' মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য বাংলাদেশ বিদ্যুৎ বিভাগ ও জার্মান সংস্থা সিমেন্স কোম্পানীর মধ্যে একটি যৌথ চুক্তি স্বাক্ষর হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জার্মানির মিউনিখে হোটেল শেরাটনে সিমেন্সের প্রধান নির্বাহীর সাক্ষাৎ করার পর এ চুক্তি স্বাক্ষর হয়। চুক্তিতে স্বাক্ষর করেন বাংলাদেশের নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানীর প্রধান নির্বাহী খোরশেদ আলম এবং সিমেন্সের প্রধান নির্বাহী ও গ্লোবাল প্রেসিডেন্ট জো কায়সার। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**৪। দক্ষিণ এশিয়ায় পরমাণু অস্ত্রমুক্ত করতে অগ্রণী ভূমিকা রাখবে বাংলাদেশ :
আইসিএএন'র নির্বাহী পরিচালক বিয়াত্রিস ফিন**

দক্ষিণ এশিয়ায় পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণে বাংলাদেশ অগ্রণী ভূমিকা রাখবে বলে আশা করেছেন নোবেলজয়ী সংগঠন আইসিএএন'র নির্বাহী পরিচালক বিয়াত্রিস ফিন। গত **১৫** ফেব্রুয়ারি শুক্রবার মিউনিখ নিরাপত্তা সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেন ২০১৭ সালে নোবেলজয়ী সংগঠন ইন্টারন্যাশ'নাল ক্যাম্পেইন টু অ্যাবোলিশ নিউক্লিয়ার উইপনস-(আইসিএএন) এর নির্বাহী পরিচালক। বৈঠক শেষে পররাষ্ট্র সচিব শহীদুল হক সাংবাদিকদের বলেন, পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণ ইস্যুতে বাংলাদেশের শক্ত অবস্থানের জন্য তিনি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ দিতে এসেছিলেন। বাংলাদেশ দক্ষিণ এশিয়াকে পরমাণু অস্ত্রমুক্ত করতে চায় সেই **১৯৭৪** সালে বঙ্গবন্ধুর সময় থেকে। বিয়াত্রিস ফিন এর প্রশংসা করে আশা প্রকাশ করেন, বাংলাদেশ এ বিষয়ে দক্ষিণ এশিয়ায় অগ্রণী ভূমিকা পালন করবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৭)।

**৫। 'ফাগুন হাওয়ায়' নতুন প্রজন্মকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করবে এবং
মুক্তিযুদ্ধের চেতনায় শানিত করবে : রাষ্ট্রপতি**

'ফাগুন হাওয়ায়' দেখে নিজের মুগ্ধতা প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। তিনি বলেছেন, 'ফাগুন হাওয়ায়' নতুন প্রজন্মকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় শানিত করবে। গত **১৫** ফেব্রুয়ারি শুক্রবার বঙ্গভবনে এ ছবির একটি বিশেষ প্রদশর্নী শেষে রাষ্ট্রপতি একথা বলেন। রাষ্ট্রপতি বলেন, ভাষা আন্দোলন নিয়ে লেখক, গবেষক, নাট্যকার ও চলচ্চিত্রকারদের আরও বেশি বেশি কাজ করতে হবে। ইতিহাসভিত্তিক চলচ্চিত্র নির্মাণে ইমপ্রেস টেলিফিল্মের নানা উদ্যোগের প্রশংসা করেন রাষ্ট্রপতি। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৯,ক.২), **ইনকিলাব** (পৃ.১২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**৬। মাদকের সঙ্গে জড়িত কাউকেই রেহাই দেওয়া হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) কক্সবাজারের টেকনাফে ১০২ ইয়াবা চোরকারবারির আত্মসমর্পণ অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সীমান্তের উখিয়া টেকনাফসহ ১৯২ পয়েন্ট দিয়ে মিয়ানমার থেকে ইয়াবার চালান আসে। মিয়ানমারকে ইয়াবা চোরাচালান বন্ধ করতে দফায় দফায় বলা হয়েছে। কিন্তু বাস্তবে কিছুই করছে না তারা। মন্ত্রী বলেন, সরকার সিদ্ধান্ত নিয়েছে সীমান্তকে কঠোরভাবে সুরক্ষা করা হবে। মাদকের বিরুদ্ধে অভিযান আরও জোরদার হচ্ছে। মাদকব্যবসার সঙ্গে জড়িত কাউকেই রেহাই দেওয়া হবে না। মাদকব্যবসায়ীদের উদ্দেশ্য করে মন্ত্রী বলেন, আপনারা বিকল্প কর্মসংস্থান পেতে সরকারের সহায়তা চাইলে তা দেওয়া হবে। তবুও আপনারা এ পথ থেকে ফিরে আসুন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৭। লক্ষ্য অর্জনে দরকার টেকসই গণতন্ত্র : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, সময়ের সঙ্গে দেশের উন্নয়ন কর্মকাণ্ডের পরিধি বেড়েছে। এ লক্ষ্যে নেওয়া হচ্ছে নানামুখী পদক্ষেপ ও কৌশল। তিনি বলেন, নানা পদক্ষেপ নেওয়ার পর এখনও সমাজে কিছুটা বৈষম্য রয়ে গেছে। তা নিরসনে কাজ করা হচ্ছে। কমেছে দারিদ্র্যের হার, সৃষ্টি হচ্ছে নতুন কর্মসংস্থান। গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর ব্র্যাক সেন্টারে বেসরকারি গবেষণা সংস্থা সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনোমিক মডেলিং (সানেম) এর বার্ষিক সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সংবাদ** (পৃ.১৩,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১০,ক.৮)।

**৮। যদি কেউ দায়িত্ব পালন না করে তাহলে ছাড় নয় : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য বিভাগের চিকিৎসক এবং কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, যদি কেউ অন্যায় করে, কেউ দায়িত্ব পালন না করে, সেখানে আমাদের ছাড় দেওয়ার সুযোগ নাই। আইনি ব্যবস্থা নেয়া ছাড়া আমাদের উপায় নাই। আমরা আইনি ব্যবস্থা গ্রহণ করব। কারণ জনগণকে সেবা দেব না কিন্তু জনগণের ট্যাক্সের টাকা দিয়ে আমরা বেতন নেব এটা গ্রহণযোগ্য হবে না। কাজেই এ বিষয়ে যা কিছু পদক্ষেপ নেওয়ার আমরা নেব। গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) মানিকগঞ্জে কর্নেল (অব.) এ মালেক সরকারি মেডিকেল কলেজের এমবিবিএস প্রথম বর্ষের ৫ম ব্যাচের শিক্ষার্থীদের পরিচিতি সভা, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.৫,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (পৃ.১০,ক.১)।

**৯। ৩৫ লাখ টন আলু রফতানির ব্যবস্থা করা হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, দেশে এখন প্রয়োজনের অতিরিক্ত ৩৫ লাখ মেট্রিক টন আলু উৎপাদিত হচ্ছে। এ আলু কোল্ড স্টোরেজে সংরক্ষণ করা হলেও তার উপযুক্ত মূল্য পাচ্ছে না কৃষক। বিশ্বের অনেক দেশে বাংলাদেশে উৎপাদিত আলুর চাহিদা আছে। চাহিদার অতিরিক্ত উৎপাদিত আলু বিদেশে রফতানির ব্যবস্থা করা হবে। তবে বিশ্বের চাহিদার সঙ্গে মিল রেখে মানসম্পন্ন আলু উৎপাদন করতে হবে। বিভিন্ন ধরনের জটিলতায় রাশিয়াসহ বেশকিছু দেশে আলু রফতানি করা যাচ্ছে না। বাণিজ্যমন্ত্রী বলেন, বিক্রয়ের অভাবে অনেক সময় আলু নষ্ট হয়ে যায়। এতে করে কৃষক ও কোল্ড স্টোরেজের মালিকও ক্ষতিগ্রস্ত হয়। বিষয়গুলো মাথায় রেখে সরকার কাজ করে যাচ্ছে। যাতে করে আলু বাংলাদেশের একটি মূল্যবান কৃষিপণ্যে পরিণত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসতে হবে। বাণিজ্য মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। বাণিজ্যমন্ত্রী গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) ঢাকায় স্থানীয় একটি হোটেলে বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশনের ৪৬তম বার্ষিক সাধারণসভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৩,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.৩)।

**১০। প্রধানমন্ত্রী চট্টগ্রামকে আলাদাভাবে গুরুত্ব দিচ্ছেন : গণপূর্তমন্ত্রী**

দেশের উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অবিরাম পরিশ্রম করে চলেছেন। বড় প্রজেক্ট নিয়ে এলাকার উন্নয়ন করছেন। তিনি চট্টগ্রামকে আলাদাভাবে গুরুত্ব দিচ্ছেন। চট্টগ্রামের জন্য ঢাকার চেয়েও বেশি ফান্ড বরাদ্দ দিচ্ছেন। গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) চট্টগ্রামে উন্নয়ন কর্তৃপক্ষের (চউক) কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে মতবিনিময়কালে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম এসব কথা বলেন। এ সময় মন্ত্রী চট্টগ্রামের উন্নয়নে অবহেলা করা যাবে না বলে মন্তব্য করেন। তিনি বলেন, কাজের গতি বাড়াতে হবে। প্রকল্পের ধীর গতি আমি মেনে নেব না। চট্টগ্রামের উন্নয়ন আরও দ্রুত হতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১০,ক.৫)।

**১১। এক কোটি নারীর ক্ষমতায়নে কাজ করবে তথ্য আপা প্রকল্প : মহিলা ও শিশুবিষয়ক সচিব**

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে বাস্তবায়িত ইনফো লেডি বা তথ্য আপা প্রকল্পের মাধ্যমে দেশের এক কোটি নারীকে ক্ষমতায়িত করা হবে বলে জানিয়েছেন মন্ত্রণায়ের সচিব কামরুন নাহার। প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের মধ্যে ডিজিটাল বাংলাদেশ ও নারীর ক্ষমতায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তথ্য আপা প্রকল্পের মাধ্যমে প্রধানমন্ত্রীর এ স্বপ্ন বাস্তবায়ন হবে বলেও উল্লেখ করেন তিনি। গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর আগারগাঁওয়ে স্থানীয় সরকার ইনস্টিটিউটে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় বাস্তবায়িত ইনফো লেডি বা তথ্য আপা প্রকল্পের নবনিযুক্ত উপজেলা তথ্য সেবা কর্মর্কতাদের ১৫ দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১৫,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**১২। রোহিঙ্গাদের সহায়তায় ৬ কোটি মার্কিন ডলার দেবে যুক্তরাষ্ট্র**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের পাশাপাশি তাদেরকে আশ্রয় দেওয়া এলাকার স্থানীয় বাসিন্দাদের সহায়তার জন্য ৬ কোটি মার্কিন ডলার দেবে যুক্তরাষ্ট্র। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। জাতিসংঘের শরণার্থী সংস্থা এবং ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অভ্ মাইগ্রেশনের পক্ষ থেকে ৯২ কোটি মার্কিন ডলারের তহবিল সংগ্রহের লক্ষ্যমাত্রা ঘোষণার প্রেক্ষিতে যুক্তরাষ্ট্রের এ অনুদানের সিদ্ধান্ত এলো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৩। এমপি হিসেবে শপথ নিলেন কিশোরগঞ্জ-১ এর প্রার্থী সৈয়দা জাকিয়া নূর**

একাদশ জাতীয় সংসদের কিশোরগঞ্জ-১ আসন থেকে নির্বাচিত আওয়ামী লীগ মনোনীত প্রার্থী সৈয়দা জাকিয়া নূর সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন। গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) জাতীয় সংসদভবনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী নবনির্বাচিত এ সংসদ সদস্যকে শপথ বাক্য পাঠ করান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

**১৪। সংসদে নারী আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ৪৯ জন**

প্রার্থিতা প্রত্যাহার না করায় এবং প্রতিদ্বন্দ্বী কোনো প্রার্থী না থাকায় সংসদে নারী আসনের ৪৯ সদস্যকে নির্বাচিত ঘোষণা করা হয়েছে। গত ১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ছিল নারী আসনের প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন। বিকেল ৫টা পর্যন্ত নির্ধারিত সময়ের মধ্যে কোনো প্রার্থী তাদের প্রার্থিতা প্রত্যাহার না করায় রিটার্নিং কর্মকর্তা তাঁদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন। আজ (১৭ ফেব্রুয়ারি রোববার) সরকারিভাবে নির্বাচিত ঘোষণা করে তাঁদের নামে গেজেট প্রকাশ করা হবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৭), **সংবাদ** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**১৫। ভারতের জম্মু ও কাশ্মীরে জঙ্গি হামলায় বাংলাদেশের তীব্র নিন্দা**

ভারতের জম্মু ও কাশ্মীরে জঙ্গি হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। দিল্লির বাংলাদেশ হাইকমিশন থেকে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো চিঠিতে এ নিন্দা জানানো হয়। চিঠিতে হামলার ঘটনার পর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া বার্তার উল্লেখ করে বলা হয়, জম্মু-কাশ্মীরের পুলওয়ামা জেলার অবন্তীপুরায় জঙ্গিগোষ্ঠীর হামলার ঘটনায় বাংলাদেশ তীব্র নিন্দা জানায়। হামলায় নিহতদের পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যে কোনো ধরনের সন্ত্রাসী ও জঙ্গি কার্যক্রমের বিরুদ্ধে বাংলাদেশ জিরো টলারেন্স নীতি অনুসরণ করছে। এ ঘটনায় বাংলাদেশের জনগণ ভারতের পাশে রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

**১৬। বেসরকারি হজ প্যাকেজে খরচ ৩ লাখ ৪৫ হাজার টাকা**

বেসরকারি ব্যবস্থাপনায় হজ প্যাকেজ-২০১৯ ঘোষণা করেছে হজ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অভ্ বাংলাদেশ (হাব)। রাজধানীর নয়াপল্টনে একটি হোটেলে গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) সংবাদসম্মেলনে এ প্যাকেজ ঘোষণা করা হয়। হাব মহাসচিব এম. শাহাদাত হোসেন তসলিম হজ প্যাকেজ ঘোষণা করে বলেন, বেসরকারি ব্যবস্থাপনায় এবার সর্বনিম্ন খরচ জনপ্রতি ৩ লাখ ৪৫ হাজার ৮০০ টাকা। আজ (১৭ ফেব্রুয়ারি রোববার) থেকে হজের নিবন্ধন শুরু হবে। হজযাত্রীদের আগামী ২০ মার্চের মধ্যে প্যাকেজ মূল্যের সম্পূর্ণ টাকা সংশ্লিষ্ট হজ এজেন্সিকে পরিশোধ করতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১৭। নাসা স্পেস অ্যাপস প্রতিযোগিতায় শাবিপ্রবির কৃতিত্ব**

মার্কিন জাতীয় মহাকাশ সংস্থা (নাসা) আয়োজিত 'নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ-২০১৮' এ 'বেস্ট ডেটা ইউটিলাইজেশন' ক্যাটাগরিতে বিশ্ব চ্যাম্পিয়ন হয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) থেকে অংশগ্রহণকারী দল 'সাস্ট অলিক'। বিশ্বে প্রথম হওয়ায় নাসা'র সদর দফতরে যাওয়ার ডাক পেয়েছে 'সাস্ট অলিক' এর সদস্যবৃন্দ। গতকাল (১৬ ফেব্রুয়ারি শনিবার) সাস্ট অলিকের প্রথম স্থান অধিকার এবং নাসায় যাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন সাস্ট অলিকের' মেন্টর ও শাবিপ্রবির কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সহকারী অধ্যাপক বিশ্বপ্রিয় চক্রবর্তী। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল :** মুক্তিযুদ্ধে পাকিস্তাানি হানাদার বাহিনী ও তাদের দোসরদের হাতে নির্যাতিত আরও ১০  নারীকে মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেওয়ায় সাধুবাদ জানিয়ে একইভাবে মুক্তিযুদ্ধে অন্য সবার অবদানও রাষ্ট্রীয়ভাবে স্বীকৃত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **ইত্তেফাক :** স্বাধীনতার প্রায় চার দশক পরেও আমাদের চর, হাওর ও দুর্গম অঞ্চলগুলিতে এখানো যথাযথ নাগরিক সুযোগ-সুবিধা না পৌঁছার কারণে শিক্ষা সংক্রান্ত নানা সমস্যা বিদ্যমান উল্লেখ করে এ ব্যপারে সংশ্লিষ্টদের দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**গ.** **ইনকিলাব :** পাহাড়, টিলা ও গাছগাছালি কেটে অপার সৌন্দর্য্যমণ্ডিত পর্যটন সম্ভাবনাময় এলাকা সিলেট ও বৃহত্তর চট্টগ্রামের প্রকৃতিকে ধ্বংসের প্রতিযোগিতা চলছে উল্লেখ করে এসব এলাকার পর্যটনের অমিত সম্ভাবনাকে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **বণিক বার্তা :** অগ্নিকাণ্ডের ঝুঁকির মধ্যে রয়েছে রাজধানীর উল্লেখযোগ্য সংখ্যক হাসপাতাল এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে দ্রুত এসব হাসপাতালে অগ্নিনিরাপত্তা নিশ্চিত করার সুপারিশ।

**ঙ.** **যায়যায়দিন, জনকণ্ঠ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট :** বাংলা ভাষার অন্যতম কবি ও সাহিত্যিক আল-মাহমুদের মৃত্যুতে শোক প্রকাশ করে তাঁর কবিতা ও গল্প বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ হয়ে থাকবে বলে মতপ্রকাশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** রাস্তায় আইন না মেনে মোটরসাইকেল চালানোয় তা নানা সময়ে দুর্ঘটনার কারণ হচ্ছে উল্লেখ করে আইনভঙ্গকারী চালকদের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

**জ.** **নিউজ টুডে :** দুর্নীতির বিরুদ্ধে সামাজিক সচেতনতা সৃষ্টির আহ্বান।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পররাষ্ট্রনীতি ও আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে বাংলাদেশ একটা শক্ত অবস্থান  তৈরি করতে পেরেছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'খেলাপি ঋণ হ্রাসে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা চাই'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে,  খেলাপি ঋণের পরিমাণ কমানো না গেলে কোনোভাবেই ব্যাংকিং সেক্টরকে গতিশীল এবং উদ্যোক্তাদের কল্যাণে ব্যবহার করা যাবেনা।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা